theguideblogger

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

বর্ষ ৪১ সংখ্যা ৪৭ কলকাতা বুধবার, ২৩ জুন ২০২১/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৮ আষাঢ় ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## রাজ্যের স্কুলে শীঘ্রই দশ হাজার চাকরি

### এছাড়াও পুজোর আগেই ২৪৫০০ শিক্ষক নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি:** রাজ্য সরকারি স্কুলগুলিতে গ্রন্থাগারিক, গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে প্রায় ১০ হাজার কর্মী নিয়োগ করতে পারে স্কুল সার্ভিস কমিশন (এস এস সি)। ইতিমধ্যেই জেলা বিদ্যালয় পরিদর্শকদের (ডি আই) থেকে শূন্যপদের সংখ্যা সংক্রান্ত তথ্য চেয়ে পাঠিয়েছেন স্কুলশিক্ষা কমিশনার। আগামী ২৫ জুনের মধ্যে এই শূন্যপদের হিসেব এস এস সি-র কেন্দ্রীয় কার্যালয়ে পাঠাতে হবে।

উল্লেখ্য, রাজ্যের স্কুলগুলিতে শেষবার গ্রন্থাগারিক নিয়োগ করা হয়েছিল ২০১৩ সালে। গ্রুপ-সি ও গ্রুপ-ডি-র ক্ষেত্রে ২০১৬ সালে বিজ্ঞপ্তি প্রকাশিত হয় এবং ২০১৮-য় কর্মী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছিল। এই ক'বছরে নতুন প্রায় পাঁচ হাজার উচ্চ প্রাথমিক স্কুল তৈরি করেছে রাজ্য সরকার। আবার বহু স্কুল পরবর্তী ধাপে উন্নীত হয়েছে। সব মিলিয়ে রাজ্যের প্রায় ১৫ হাজার স্কুলের অধিকাংশতেই গ্রুপ-সি, গ্রুপ-ডি এবং গ্রন্থাগারিকের প্রচুর পদ খালি রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** গ্রুপ-ডি-র ক্ষেত্রে অষ্টম শ্রেণি পাশ। গ্রুপ-সি-র ক্ষেত্রে মাধ্যমিক। গ্রন্থাগারিকের ক্ষেত্রে ব্যাচেলর ইন লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স বা সমতুল ডিগ্রি।

প্রার্থী বাছাই করা হতে পারে প্রিলিমিনারি ও মেন— এই দুই ধাপের পরীক্ষার মাধ্যমে। প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার টেস্ট, টাইপিং টেস্ট ইত্যাদি থাকবে।

সব মিলিয়ে পরীক্ষার্থীর সংখ্যা কয়েক লক্ষ হবে বলে মনে করা হচ্ছে।

ওয়াকিবহাল মহলের মতে জুলাইয়ের

*এরপর তিনের পাতায়*

## সেনাবাহিনীতে অফিসার

### এন সি সি-র 'সি' সার্টিফিকেটধারীরা আবেদন করবেন

ট্রেনিং দিয়ে ৫০ জন পুরুষ ও ৫ জন মহিলা অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। এন সি সি স্পেশ্যাল এন্ট্রি স্কিমের ৫০তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিং শুরু হবে ২০২১ সালের অক্টোবরে। শর্ট সার্ভিস কমিশনে নিয়োগ হবে। প্রার্থীকে অবিবাহিত হতে হবে। ইতিমধ্যে যে-সকল পুরুষ প্রার্থী ১১৪তম এস এস সি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য এবং যে-সকল মহিলা প্রার্থী ২৮তম এস এস সি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেসের পরীক্ষা দিয়েছেন, তাঁরা এই কোর্সের জন্য আবেদন করবেন না।

পুরুষদের ৫০টি শূন্যপদের মধ্যে ৫টি এবং মহিলাদের ৫টি শূন্যপদের মধ্যে ১টি আর্মিতে কর্মরত অবস্থায় মৃত বা আহত সৈনিকের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখার গ্র্যাজুয়েট বা সমতুল। সেইসঙ্গে এন সি সি-র সিনিয়র ডিভিশন বা উইংয়ে কমপক্ষে দু'টি শিক্ষাবর্ষের জন্য অংশ নিয়ে 'সি' সার্টিফিকেট পরীক্ষায় অন্তত 'বি' গ্রেড পেয়ে থাকা চাই। যুদ্ধে হত বা আহত বা নিখোঁজ সমরকর্মীদের সন্তানদের ক্ষেত্রে এন সি

*এরপর তিনের পাতায়*

## পোলার অ্যান্ড ওশান রিসার্চে চাকরি

৮৫ জন প্রোজেক্ট সায়েন্টিস্ট, প্রোজেক্ট সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, অফিসার এবং এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট নেবে ন্যাশনাল সেন্টার ফর পোলার অ্যান্ড ওশান রিসার্চ। এটি কেন্দ্রীয় সরকারের আর্থ সায়েন্সেস মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NCPOR/09/2021.

**শূন্যপদের বিবরণ: প্রোজেক্ট সায়েন্টিস্ট ওয়ান:** শূন্যপদ ৪২টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** নির্দিষ্ট মাসিক ৫৬,০০০ টাকা। **প্রোজেক্ট সায়েন্টিস্ট টু: শূন্যপদ ২১টি (সাধারণ)। বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** নির্দিষ্ট মাসিক ৬৭,০০০ টাকা। **প্রোজেক্ট সায়েন্টিস্ট থ্রি:** শূন্যপদ ৩টি (সাধারণ)। **বয়স:** ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: নির্দিষ্ট মাসিক ৭৮,০০০ টাকা। **প্রোজেক্ট সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** নির্দিষ্ট মাসিক ৩৫,৪০০ টাকা। **অফিসার:** শূন্যপদ ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **বয়স:** ৫০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** নির্দিষ্ট মাসিক ৪৭,৬০০ টাকা। **এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **বয়স:** ৫০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** নির্দিষ্ট মাসিক ৩৫,৪০০ টাকা।

১৫-৭-২০২১ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

*এরপর তিনের পাতায়*

## লেডি হার্ডিঞ্জ মেডিক্যাল কলেজে প্যারামেডিক্যাল কর্মী

৬৫ জন প্যারামেডিক্যাল কর্মী নেবে দিল্লির লেডি হার্ডিঞ্জ মেডিক্যাল কলেজ অ্যান্ড শ্রীমতী এস কে হসপিটাল। নিয়োগ করা হবে ও টি টেকনিশিয়ান, জুনিয়র মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট, এক্স রে টেকনিশিয়ান, ডার্ক রুম অ্যাসিস্ট্যান্ট এবং ও টি অ্যাসিস্ট্যান্ট পদে।

**শূন্যপদের বিবরণ: ও টি টেকনিশিয়ান:** শূন্যপদ ৪১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা। **জুনিয়র মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট:** শূন্যপদ ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **বেতনক্রম:** ২৯,২০০-৯২,৩০০ টাকা। **এক্স রে টেকনিশিয়ান:** শূন্যপদ ৪টি (সাধারণ ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। **ও টি অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ২টি (সাধারণ)। **বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা। **ডার্ক রুম অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.lhmc-hosp.gov.in. পূরণ করবেন যথাযথ ভাবে। প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র স্পিড পোস্ট বা রেজিস্ট্রি ডাকে ১৮ জুলাইয়ের

*এরপর আটের পাতায়*

## জীবনবিমা নিগমে কেরিয়ার এজেন্ট

বেশ কিছু কেরিয়ার এজেন্ট নেবে জীবনবিমা নিগমের আসানসোল ডিভিশনাল অফিস।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে। তফসিলি, প্রাক্তন সমরকর্মী এবং অভিজ্ঞ প্রার্থীরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন।

কেরিয়ার এজেন্টরা প্রথম বছর প্রতি মাসে ১২,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ১১,০০০ টাকা এবং তৃতীয় বছরে প্রতি মাসে ১০,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন। এছাড়াও ব্যবসার ওপর আকর্ষণীয় কমিশন, স্কুটার-বাইকের মতো যান কেনার জন্য অগ্রিম টাকা পাওয়া যাবে।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ও প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত জমা দিতে হবে ১৭ জুলাইয়ের মধ্যে।

দরখাস্ত জমা এবং প্রার্থী নির্বাচন পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ব্রাঞ্চ ম্যানেজার, কেরিয়ার এজেন্ট ব্রাঞ্চ, এল আই সি অব ইন্ডিয়া, জীবন প্রকাশ, ৩য় তল, ওয়েস্ট এন্ড, জি. টি. রোড, আসানসোল-৭১৩ ৩০৪। ফোন: ৯৯৩২৮-৮৯০১৭, ই-মেল: snehashis.sengupta@licindia.com

## মশারোধী ভেষজ ধূপ ও তেলের ব্যবসা

**রাতে মশা, দিনে মাছি। এ উপদ্রব চিরকালীন। তবে বর্ষায় জমা জলে বংশবিস্তার করে মশারা হয়ে ওঠে ডেঙ্গু-ম্যালেরিয়ার মতো মারাত্মক রোগের বাহক। এ সময় মশাকে দূরে রাখতে ভেষজ মশারোধকের বিকল্প নেই। স্বাস্থ্যের ক্ষতি করে না বলে এর চাহিদাও বাড়ছে। অল্প পুঁজিতে মশানাশক ভেষজ ধূপকাঠি বা তেল তৈরি করে ব্যবসা করা যায়। তবে প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে।**

**নিজস্ব প্রতিনিধি:** বর্ষার সময় বিভিন্ন জায়গায় জল জমে থাকায় মশার সংখ্যা বৃদ্ধি পায় আর প্রতি বছরই এই সময়ে মানুষ নাজেহাল হয়ে পড়েন ম্যালেরিয়া, চিকনগুনিয়া, ডেঙ্গি ইত্যাদি মশাবাহিত রোগে। কিন্তু এই বছর করোনার পাশাপাশি এই সব রোগ মাথা চাড়া দিলে পরিস্থিতি ভয়ানক হয়ে উঠবে সন্দেহ নেই। তাই মশা থেকে দূরে থাকতেই হবে।

মশার থেকে বাঁচতে আমরা সাধারণত মশানাশক তেল, ধূপকাঠি, কয়েল, রেপেলেন্ট, স্প্রে, লোশন বা ক্রিম ইত্যাদি ব্যবহার করি। স্বাস্থ্যের কথা ভেবেই ইদানীং এসব জিনিস তৈরিতে রাসায়নিক উপাদানের চেয়ে ভেষজ বা হার্বাল উপকরণ ব্যবহারের উপর জোর দেওয়া হচ্ছে।

মশানাশক ভেষজ ধূপকাঠির সঙ্গে আর-পাঁচটা সুগন্ধী ধূপকাঠির আপাত ভাবে কোনও তফাত নেই। ভেষজ সিট্রোনেলা তেলে মশা তো তাড়ানো যায়ই, শরীরের ক্লান্তিও দূর হয়। সবচেয়ে বড় কথা এগুলি রাসায়নিক কয়েল বা রেপেলেন্ট বা স্প্রে-র মতো শরীরের পক্ষে ক্ষতিকর একেবারেই নয়। ফলে ধীরে ধীরে এসবের ভালো চাহিদা তৈরি হচ্ছে।

মাত্র ২৫-৩০ হাজার টাকা সম্বল করেই শুরু করা যায় ভেষজ মশানাশক তৈরির ব্যবসা। করোনা-কালে তা ঘরে বসেই উপার্জনের পথ দেখাতে পারে। কিন্তু নিজে যদি উৎপাদন করে বিপণন করতে চান, সে ক্ষেত্রে প্রশিক্ষণ নিতে হবে। নিজে উৎপাদন না করতে চাইলে অন্য সংস্থার তৈরি ভেষজ মশাবিরোধী ধূপকাঠি, সিট্রোনেলা অয়েল বা লোশনের ডিলারশিপ নিতে পারেন।

### প্রশিক্ষণ

**প্রগতি রিসার্চ ইন্সটিটিউট**

কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান প্রগতি রিসার্চ ইনস্টিটিউট মশানাশক ধূপ, রেপেলেন্ট, স্প্রে, তেল ইত্যাদি তৈরির প্রশিক্ষণ দেয়। দু'টি



পৃথক কোর্স রয়েছে—

- **মসকুইটো আইটেম কোর্স**

মশানাশক স্প্রে, তেল, কয়েল ইত্যাদি তৈরি করানো শেখানো হয়। কোর্সের মেয়াদ ১৫ দিন। প্রশিক্ষণ ফি: ৭,৯০০ টাকা।

- **মশানাশক ধূপকাঠি তৈরির কোর্স**

এই কোর্সে ভেষজ ও সিনথেটিক মশানাশক ধূপকাঠি তৈরির পাশাপাশি সাধারণ সুগন্ধী ধূপকাঠি তৈরির প্রশিক্ষণও দেওয়া হয়। কোর্সের

*এরপর আটের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 3):** *In the following questions, out of the four alternatives, select the word similar in meaning to the word given.*

1. Sauciness
(a) Venerate (b) Assistance (c) Meekness (d) Impudence
2. Fatuous
(a) Senile (b) Renewal (c) Prudent (d) Irrational
3. Congruous
(a) Hidden (b) Absurd (c) Balanced (d) Diligent

**Direction (4 to 6):** *In the following questions, out of the four alternatives, select the word opposite in meaning to the word given.*

4. Solicit
(a) Scorn (b) Sanction (c) Disguice (d) Prohibit
5. Flagitious
(a) Virtuous (b) Immoral (c) Displease (d) Profligate
6. Abridge
(a) Violate (b) Curtail (c) Stretch (d) Pacify

**Direction (7 to 9):** *In the following questions, out of the four alternatives, select the alternatives, select the alternative which best expresses the meaning of the idiom/phrase.*

7. Throw a spanner
(a) Sabotage (b) Reverie (c) Boasting (d) Disinterested
8. To paddle one's own canoe
(a) To praise oneself (b) Working vigorously (c) Thoughtful (d) Manage independently
9. To beat the air
(a) To gamble (b) To try to do the impossible (c) To settle a dispute (d) To make efforts that are useless

**Direction (10 to 12):** *Out of the four alternatives choose the one which can be substituted for the given words/sentence.*

10. Commencement of words with the same letter
(a) Oxymoron (b) Pun (c) Alliteration (d) Transferred epithet
11. One who abandons one's religious faith
(a) Profane (b) Agnostic (c) Apostate (d) Prostrate
12. One who lives on fish
(a) Aurivorous (b) Piscivorous (c) Carnivorous (d) Baccivorous

**Direction (13 to 15):** *Improve the bracketed part of each sentence.*

13. The Arabian Nights (have been written) by Edward william Lane.
(a) have written (b) has been written (c) are being written (d) No improvement
14. (When the weather was) cold, I wear monkey cap.
(a) When the weather is (b) When weather is (c) While the weather is (d) No improvement
15. Nitin assured Aniket that (would look at)his work while he was on leave.
(a) will look (b) would over look (c) would look after (d) No improvement

**Direction (16 to 18):** *In the following questions, the sentence given with blanks is to be filled in with an appropriate word. Select the correct alternative out of the four.*

16. It was very hot, you _____ your jackets.
(a) Need not brought (b) Need not bring (c) Need not had been brought (d) Need not have brought
17. Rahul was _____ with a natural talent for painting.
(a) given (b) endowed (c) entrusted (d) showered
18. Everyone was greatly assured _____ Roshni's awkward behaviour during the wedding ceremony.
(a) for (b) on (c) at (d) of

**Direction (19 and 20):** *Four words are given, out of which only one word is correctly spelt. Find the correctly spelt word.*

19. (a) Quintessence (b) Quintecsence (c) Quintissence (d) Quentissense
20. (a) Plebien (b) Plebeian (c) Plibein (d) Plebeain

**Direction (21 to 25):** *In the following questions, same part of the sentence may have errors. Find out which part of the sentence has an error and select the appropriate option. If a sentence is free from error, select No error.*

21. Vegetables as well as fruits (a)/have fallen considerably (b)/in prices in recent days. (c)/No error (d)
22. Unless you do not (a)/give up bad habits (b)/you will suffer. (c)/No error (d)
23. Dr. Ritu was explain the (a)/benefits of doing yoga at (b)/least four times a week. (c)/No error (d)
24. Gurgaon is full of tall buildings which is (a)/at once its strength as well as weakness (b)/depending upon how one looks at it (c)/No error (d)
25. After 70 years of Independence many (a)/Sociao-economic problems is still (b)/remaining to be solved in India. (c)/No error (d)
26. নীচের কোন রাজ্যটি প্রাচীন ভারতের একটি প্রজাতান্ত্রিক রাজ্য ছিল?
(a) কোশল (b) মগধ (c) বৎস (d) মল্ল
27. 'পঞ্চমহাব্রত' এর সঙ্গে কোন নামটি জড়িত?
(a) গৌতম বুদ্ধ (b) মহাবীর (c) পার্শ্বনাথ (d) ঋষভদেব
28. ভারতের প্রাচীনতম সভ্যতাটির নাম হল:
(a) মেহেরগড় সভ্যতা (b) সিন্ধু সভ্যতা (c) হরপ্পা সভ্যতা (d) মেসোপটেমিয়া সভ্যতা
29. প্রাচীন ভারতের কুশীনগর শহরটি কোন নদীর তীরে অবস্থিত ছিল?
(a) আত্রেয় (b) প্রভারা (c) হিরণ্যবতী (d) সিন্ধু
30. প্রথম কোন রাজবংশ মগধের সিংহাসনে বসেছিল?
(a) হর্যঙ্ক বংশ (b) নন্দ বংশ (c) মৌর্য বংশ (d) শৈশুনাগ বংশ
31. চন্দ্রগুপ্তের রাজত্বকালে রাজ্যের সর্বোচ্চ বিচারক কে ছিলেন?
(a) কৌটিল্য (b) সেলুকাস (c) চন্দ্রগুপ্ত নিজে (d) মেগাস্থিনিস
32. কুষাণ বংশের শেষ শক্তিশালী রাজা কে ছিলেন?
(a) বাসুদেব (b) কণিষ্ক (c) বিম কদফিসেস (d) এদের কেউই নন
33. সাতবাহন রাজ্যের সরকারি ভাষা কী ছিল?
(a) হিন্দি (b) সংস্কৃত (c) প্রাকৃত (d) পালি
34. কোন গুপ্ত সম্রাট তাঁর সময়কালে অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান করেছিলেন?
(a) প্রথম কুমার গুপ্ত (b) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (c) প্রথম চন্দ্রগুপ্ত (d) জীবিত গুপ্ত
35. কোন বছর হিউয়েন সাঙ ভারত ভ্রমণে এসেছিলেন?
(a) 644 খ্রিস্টাব্দে (b) 630 খ্রিস্টাব্দে (c) 606 খ্রিস্টাব্দে (d) 637 খ্রিস্টাব্দে
36. কোন পাল রাজার সময়কালে বাংলায় কৈবর্ত বিদ্রোহ হয়?
(a) দেবপাল (b) মহীপাল (c) তৃতীয় মহীপাল (d) দ্বিতীয় মহীপাল
37. ইকতা প্রথা কী?
(a) সামাজিক ব্যবস্থা (b) ভূমিদান ব্যবস্থা (c) রাজস্ব ব্যবস্থা (d) সামরিক ব্যবস্থা
38. বিজনগরকে পৃথিবীর শ্রেষ্ঠ নগর বলে বর্ণনা করেছেন:
(a) আবদুর রজ্জাক (b) নিকোলা কান্টি (c) পায়েজ (d) লুনিজ
39. দাসবংশের সময়কাল ছিল:
(a) 1414-1451 (b) 1290-1320 (c) 1320-1414 (d) 1206-1290
40. আকবরের শেষ অভিযান কোনটি ছিল?
(a) কালিঞ্জর দুর্গ অবরোধ (b) রায়গড় দুর্গ জয় (c) আসিরগড় দুর্গ জয় (d) চিতোর দুর্গ জয়
41. বাংলায় ফরাসিদের প্রধান ঘাঁটি কোথায় ছিল?
(a) চন্দননগর (b) সপ্তগ্রাম (c) সুরাট (d) হুগলি
42. দিল্লির কোন সুলতান দক্ষিণ ভারতে প্রথম মুসলমান আধিপত্য বিস্তার করেন?
(a) ইলতুতমিস (b) কুতুবউদ্দিন আইবক (c) গিয়াসউদ্দিন বলবন (d) আলাউদ্দিন খলজি
43. শিবাজির পতাকার নাম কী ছিল?
(a) চপক ঝাণ্ডা (b) গেরিলা ঝাণ্ডা (c) ভাগোয়া ঝাণ্ডা (d) কোনওটিই নয়
44. জাহাঙ্গির কোন শিখ গুরুকে হত্যা করেছিলেন?
(a) অর্জুন সিং (b) গোবিন্দ সিং (c) তেগবাহাদুর (d) এঁদের কেউই নন
45. মুঘল যুগে সর্বপ্রথম কোন বিদেশি বাণিজ্য করতে এদেশে আসে?
(a) ইংরেজ (b) ওলন্দাজ (c) ডেনমার্ক (d) পর্তুগিজ
46. 'চৌথ' ও 'সরদেশমুখী' নামক কর কে আদায় করতেন?
(a) শাহজাহান (b) ঔরঙ্গজেব (c) শিবাজি (d) শেরশাহ
47. কোন পেশোয়ার শাসনকালে 1739 সালে নাদিরশাহ ভারত আক্রমণ করেন?
(a) বালাজি বিশ্বনাথ (b) প্রথম বাজিরাও (c) বালাজি বাজিরাও (d) দ্বিতীয় বাজিরাও
48. বন্দিবাসের যুদ্ধ কবে শুরু হয়েছিল?
(a) 1775 সালে (b) 1765 সালে (c) 1770 সালে (d) 1760 সালে
49. পলাশি ও বক্সারের যুদ্ধে জয়লাভের পর কোম্পানির বাণিজ্যনীতির কী পরিবর্তন হয়?
(a) স্বল্প মূল্যে অধিক পরিমাণ ভারতীয় সামগ্রী কেনা (b) কারিগরদের অবস্থার উন্নতি করা (c) ইউরোপজাত দ্রব্যের আমদানি বাড়ানো (d) তাঁতবস্ত্র রপ্তানি করা
50. চিরস্থায়ী ব্যবস্থা কোন ব্যবস্থার বৈশিষ্ট্য?
(a) জমিদারি ব্যবস্থা (b) রায়তওয়ারি ব্যবস্থা (c) মহলওয়ারি ব্যবস্থা (d) ওপরের কোনওটিই নয়
51. নীচের কোন নেতা, মহাত্মা গান্ধীর গ্রেপ্তারের পর লবণ সত্যাগ্রহের নেতৃত্ব দিয়েছিলেন?
(a) বিনোবা ভাবে (b) সর্দার প্যাটেল (c) আব্বাস তায়েবজি (d) মৌলানা আবুল কালাম আজাদ
52. কলকাতা এবং আগ্রার মধ্যে প্রথম কত সালে টেলিগ্রাফ লাইন স্থাপিত হয়?
(a) 1852 (b) 1853 (c) 1854 (d) 1855
53. কোন গভর্নর জেনারেলের সময় প্রথম ভারতীয় বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়?
(a) ম্যাকলে (b) ওয়ারেন হেস্টিংস (c) লর্ড ক্যানিং (d) লর্ড উইলিয়াম বেন্টিং
54. কে ভারতে প্রথম ইংরেজি সংবাদপত্র চালু করেন?
(a) বাল গঙ্গাধর তিলক (b) রামমোহন রায় (c) জে এ হিকি (d) লর্ড উইলিয়াম বেন্টিং

এরপর ছয়ের পাতায়

# রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. নীচের কোনটি উত্তরবঙ্গের নদী নয়?
(a) তিস্তা (b) মহানন্দা (c) মাথাভাঙ্গা (d) জলঢাকা
2. কোন নদীটি ভাগীরথীর পশ্চিমদিকে অবস্থিত নয়?
(a) অজয় (b) রূপনারায়ণ (c) কংসাবতী (d) বিদ্যাধরী
3. ভারতের দ্বিতীয় দীর্ঘতম মৃত্তিকা নির্মিত জলাধার কোনটি?
(a) মাইথন (b) ম্যাসাঞ্জোর (c) মুকুটমণিপুর (d) তিলপাড়া
4. পশ্চিমবঙ্গের নীচের কোন স্থান থেকে উলফ্রাম উত্তোলিত হয়?
(a) রানিগঞ্জ (b) মহম্মদ বাজার (c) ঝিলিমিলি (d) ডুয়ার্স
5. পশ্চিমবঙ্গের পূর্ব-পশ্চিমে বিস্তার কত?
(a) 570 কিমি (b) 325 কিমি (c) 485 কিমি (d) 600 কিমি
6. পশ্চিমবঙ্গের কোন জেলা মল্ল রাজাদের ভূমি নামে পরিচিত?
(a) পুরুলিয়া (b) বাঁকুড়া (c) দক্ষিণ দিনাজপুর (d) হাওড়া
7. বেথুয়াডহরি অভয়ারণ্য পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
(a) দার্জিলিং (b) বীরভূম (c) নদিয়া (d) মালদহ
8. এক নির্দিষ্ট ধরনের এবং/অথবা একটি নির্দিষ্ট এলাকায় সমুদায় জীবগুলির ভরকে বলে:
(a) বায়োম (b) বায়োমাস (c) বায়োমাকার (d) বায়োসেম্পর
9. নিমগাছ হচ্ছে:
(a) ক্রান্তীয় আর্দ্র চিরহরিৎ গাছ (b) ক্রান্তীয় আর্দ্র পর্ণমোচী গাছ (c) ক্রান্তীয় শুষ্ক পর্ণমোচী (d) ক্রান্তীয় শুষ্ক চিরহরিৎ গাছ
10. পূর্ণতাপ্রাপ্ত ফাইলেরিয়া পরজীবী মানুষের যে অংশে অবস্থান করে:
(a) রক্ত (b) লসিকানালী (c) যকৃত (d) অন্ত্র
11. ADH-এর অভাবে যে রোগটি সৃষ্টি হয়:
(a) ডায়াবেটিস ইনসিপিডাস (b) ডায়াবেটিস মেলিটাস (c) গ্রেভ-এর রোগ (d) কুশিং-এর রোগ
12. নীচের কোনটি ভাইরাসজনিত রোগ?
(a) ট্রাইপ্যানোসোমিয়াসিস (b) জিয়ারডিয়াসিস (c) এনকেফালাইটিস (d) ওরিয়েন্টাল ঘা
13. মানুষের স্বাভাবিক রক্ত:
(a) আম্লিক (b) ক্ষারীয় (c) প্রশমিত (d) পরিবর্তনশীল
14. যে প্রাণীগোষ্ঠী সমুদ্র জলে পাওয়া যায় না:
(a) স্তন্যপায়ী (b) উভচর (c) সরীসৃপ (d) পক্ষী
15. একই গতিশক্তি সম্পন্ন কণাগুলির মধ্যে কার ভরবেগ সর্বোচ্চ?
(a) ইলেকট্রন (b) প্রোটন (c) ডিউটেরন (d) আলফা কণা
16. শৈল শহর ল্যান্সডাউন ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) নাগাল্যান্ড (b) উত্তরপ্রদেশ (c) হিমাচল প্রদেশ (d) উত্তরাখণ্ড
17. 'লাভা' স্থানটি ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) জম্মু ও কাশ্মীর (b) কেরল (c) পশ্চিমবঙ্গ (d) কোনওটিই নয়
18. সরস্বতী নদীর উৎপত্তিস্থল কোথায়?
(a) আরাবল্লী পর্বত (b) কৈলাশ পর্বত (c) মানস সরোবর (d) পূর্বঘাট পর্বতমালা
19. ডালহৌসি শহর ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) কাশ্মীর (b) হিমাচল প্রদেশ (c) সিকিম (d) মণিপুর
20. বিশ্বের প্রথম ফুটবলার হিসেবে বিলিয়নিয়ার (একশো কোটি ডলার) কে হলেন?
(a) ক্রিশ্চিয়ানো রোনাল্ডো (b) লিওয়েন মেসি (c) জিদান (d) এদের কেউই নন
21. অবসর নিলেন কিংবদন্তি ক্রীড়াবিদ লিন ডান। তিনি কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন?
(a) টেবিল টেনিস (b) ফুটবল (c) ক্রিকেট (d) হকি
22. আত্মহননের পথ বেছে নিলেন সুশান্ত সিংহ রাজপুত। কোন ক্রিকেটারের বায়োপিকে অভিনয় করে জনপ্রিয় হয়েছিলেন তিনি?
(a) মহেন্দ্র সিং ধোনি (b) বিরাট কোহলি (c) হরভজন সিং (d) রোহিত শর্মা
23. কোন ভারতীয় রাজ্য সর্বপ্রথম নোভেল করোনা ভাইরাসকে 'State Disaster' আখ্যা দিয়েছিল?
(a) কেরল (b) তামিলনাড়ু (c) উত্তরপ্রদেশ (d) হরিয়ানা
24. কোভিড টেস্ট কিট FELUDA বিশাল মাত্রায় উৎপাদনের দায়িত্ব নিয়েছে কোন সংস্থা?
(a) সেরাম ইনস্টিটিউট অফ ইন্ডিয়া (b) ICMR (c) IIT চেন্নাই (d) টাটা সন্স
25. পশ্চিমবঙ্গের মহানন্দা নদী নীচের কোন জেলার মধ্য দিয়ে প্রবাহিত?
(a) মালদা (b) মুর্শিদাবাদ (c) উত্তর দিনাজপুর (d) দক্ষিণ 24 পরগনা
26. উরি জলবিদ্যুৎ প্রকল্প কোথায় নির্মিত হয়েছে?
(a) উত্তরপ্রদেশ (b) মণিপুর (c) অরুণাচল প্রদেশ (d) জম্মু ও কাশ্মীর
27.পশ্চিমবঙ্গের দ্বিতীয় বৃহত্তম শহর কোনটি?
(a) বর্ধমান (b) খড়্গপুর (c) হাওড়া (d) কলকাতা
28. ভারতের কোন পাহাড়ের সর্বোচ্চ শৃঙ্গের নাম দাফাবুম?
(a) খাসি জয়ন্তী (b) মিশমি (c) নাগা (d) লুসাই
29. বৈতরণী কোন নদীর উপনদী?
(a) যমুনা (b) ব্রহ্মপুত্র (c) মহানদী (d) গোদাবরী
30. ভুটান রাজ্যের প্রবেশ দ্বার নীচের কোনটিকে বলা হয়?
(a) আলিপুরদুয়ার (b) ফুন্টসোলিং (c) বাগ ডোগরা (d) কোনওটিই নয়
31. কৃষিক্ষেত্রে ঋণ দেওয়ার জন্য প্রধান প্রতিষ্ঠান কোনটি?
(a) RBI (b) SBI (c) LICI (d) NABARD
32. RBI কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1935 (b) 1940 (c) 1947 (d) 1949
33. কৃষিক্ষেত্র থেকে প্রাপ্ত কর কে সংগ্রহ করে:
(a) কেন্দ্রীয় সরকার (b) রাজ্য সরকার (c) স্থানীয় সরকার (d) উভয়ই
34. কোন রাশির একক ডাইন-সেকেন্ড?
(a) বল (b) ভরবেগ (c) শক্তি (d) ক্ষমতা

এরপর ছয়ের পাতায়

# সর্দার বল্লভভাই টেকনোলজি ইনস্টিটিউটে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

৪২ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (গ্রেড-টু) নেবে সুরাতের সর্দার বল্লভভাই ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি। এটি তফসিলি, ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য একটি বিশেষ নিয়োগ অভিযান। প্রার্থীদের নিয়োগ করা হবে সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ২ বছর বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর E/Advt.(AP)/Sp.Rectt.Drive/759/2020-21. তারিখ ১০-৬-২০২১।

**শূন্যপদের বিন্যাস:** তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৭। নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.svnit.ac.in. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১২ জুলাই। যথাযথ ভাবে দরখাস্ত পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। প্রিন্ট আউট ভরা খামের উপর লিখবেন: 'APPLICATION FOR THE POST OF ASSISTANT PROFESSOR Grade-II IN THE DEPARTMENT OF _____, Advertisement No. _____, dated _____. খামের উপর প্রার্থীর ক্যাটেগরি অবশ্যই লিখবেন।

১৯ জুলাইয়ের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্ট্রি ডাকে দরখাস্তের প্রিন্ট আউট পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, (Recruitment Cell), Sardar Vallabhbhai National Institute of Technology (SVNIT), Ichchhanath, Dumas Road, Surat-395007, Gujarat.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সরকারি সংস্থায় সায়েন্টিস্ট ও সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট

সায়েন্টিস্ট 'বি' এবং সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট 'এ' পদে ৮১ জনকে নেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি। নিয়োগ করা হবে স্ট্যান্ডার্ডাইজেশন টেস্টিং অ্যান্ড কোয়ালিটি সার্টিফিকেশন ডিরেক্টোরেটে।

উল্লেখ্য, বিজ্ঞপ্তি নম্বর NIELIT/NDL/STQC/2020/1 অনুসারে যাঁরা এর আগে দরখাস্ত করেছেন তাঁদের পুনরায় দরখাস্ত করার প্রয়োজন নেই।

শূন্যপদের বিবরণ: সায়েন্টিস্ট 'বি' ১৮টি (সাধারণ ১২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত থাকবে।

সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট 'এ': ৬৩টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৮, ও বি সি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ২টি করে এবং দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত থাকবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://apply-delhi.nielit.gov.in দরখাস্তের শেষ তারিখ ৯ জুলাই।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটগুলি: www.nielit.gov.in, www.meity.gov.in, www.stqc.gov.in

# মাজাগন ডকে ১৩৮৬ কর্মী

১,৩৮৬ জন কর্মী নিয়োগ করবে মাজাগন ডক শিপবিল্ডার্স। এটি ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। তবে কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ২ বছর বাড়ানো হতে পারে। নিয়োগ করা হবে ইলেক্ট্রিশিয়ান, কম্পোজিট ওয়েল্ডার, ফিটার, পেইন্টার, পাইপ ফিটার, স্ট্রাকচারাল ফেব্রিকেটর-সহ বিভিন্ন ট্রেডে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: MDL/HR-REC-NE/93/2021.

**শূন্যপদের বিন্যাস:** স্কিল্ড আই ডি-১: **এ সি রেফ্রিজারেটর মেকানিক:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং বা মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং বা মেকানিক (সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং প্ল্যান্ট, ইন্ডাস্ট্রিয়াল কুলিং অ্যান্ড প্যাকেজ এয়ার কন্ডিশনিং) বা মেকানিক (কোল্ড স্টোরেজ, আইস প্ল্যান্ট অ্যান্ড আইস ক্যান্ডি প্ল্যান্ট) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**কম্প্রেসর অ্যাটেন্ড্যান্ট:** ৫টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে মিলরাইট মেকানিক বা মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**কার্পেন্টার:** ৮১টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। সঙ্গে কার্পেন্টার বা শিপরাইট (উড) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**চিপার গ্রাইন্ডার:** ১৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। এছাড়া সংশ্লিষ্ট কাজে কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ১ বছরের অভিজ্ঞতা।

**কম্পোজিট ওয়েল্ডার:** ১৩২টি (সাধারণ ৬৮, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩১, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। সঙ্গে ওয়েল্ডার বা ওয়েল্ডার (জি অ্যান্ড ই) বা টি আই জি অ্যান্ড এম আই জি ওয়েল্ডার বা স্ট্রাকচারাল ওয়েল্ডার বা ওয়েল্ডার (পাইপ অ্যান্ড প্রেসার ভেসেলস) বা অ্যাডভান্স ওয়েল্ডার বা গ্যাস কাটার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**ডিজেল ক্রেন অপারেটর:** ৫টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ডিজেল মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট-সহ হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এছাড়া মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ডিজেল কাম মোটর মেকানিক:** ৪টি (সাধারণ ২, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে ডিজেল মেকানিক বা মোটর ভেহিক্যাল মেকানিক বা মেকানিক ডিজেল বা মেকানিক (মেরিন ডিজেল) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**জুনিয়র ড্রাফটসম্যান:** ৫৪টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল বা সিভিল শাখায় ড্রাফটসম্যান ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাস।

**ইলেক্ট্রিশিয়ান:** ২০৪টি (সাধারণ ১০১, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৪৭, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। **শিক্ষাগত**

*এরপর পাঁচের পাতায়*

# পোলার অ্যান্ড ওশান রিসার্চে চাকরি

*প্রথম পাতার পর*

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ncpor.res.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো, কালো কালির সই এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র (জে পি জি ফর্ম্যাটে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

শিক্ষাগত যোগ্যতা-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পশ্চিম মেদিনীপুরে স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স পদে ২৯ জনকে নেবে পশ্চিম মেদিনীপুর জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। ২ মাসের চুক্তিতে নিয়োগ করা হবে মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতাল, আয়ুষ করোনা হাসপাতাল, ঘাটাল এস ডি এইচ কোভিড হাসপাতাল এবং খড়্গপুর এস ডি এইচ করোনা হাসপাতালে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৪ জুন, সকাল সাড়ে ১০টা থেকে জেলা স্বাস্থ্য ভবনে, সি এম ও এইচ-এর অফিসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর DH&FWS/2021/1155.

**শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা বা নার্সিংয়ে বি এসসি, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল বোটানিক্যাল রিসার্চ ইনস্টিটিউটে চাকরি

সিনিয়র টেকনিক্যাল অফিসার (১) এবং টেকনিক্যাল অফিসার পদে ১৭ জনকে নেবে লখনউয়ের ন্যাশনাল বোটানিক্যাল রিসার্চ ইনস্টিটিউট। এটি কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 01/2021.

**শূন্যপদের বিবরণ:** সিনিয়র টেকনিক্যাল অফিসার (১) ১০টি, টেকনিক্যাল অফিসার ৭টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সিনিয়র টেকনিক্যাল অফিসার (১): অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বটানি বা কেমিস্ট্রি বা মাইক্রোবায়োলজিতে এম এসসি অথবা বি ফার্ম। ফার্মাকগনোসি বা কেমোট্যাক্সোনমি বা হার্বাল ড্রাগ ডেভেলপমেন্টে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৩-৭-২০২১ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৮৩,০০০ টাকা।

টেকনিক্যাল অফিসার: অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এনভায়রনমেন্টাল সায়েন্সেস বা এনভায়রনমেন্টাল স্টাডিজ বা মাইক্রোবায়োলজি বা এনভায়রনমেন্টাল মাইক্রোবায়োলজি বা অ্যাপ্লায়েড মাইক্রোবায়োলজিতে এম এসসি অথবা এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং বা ইন্ডাস্ট্রিয়াল মাইক্রোবায়োলজিতে বি টেক। বয়স: ২৩-৭-২০২১ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৬৩, ৯০০ টাকা।

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nbri.res.in. ফি-বাবদ ডিমান্ড ড্রাফট এবং প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৩ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সেনাবাহিনীতে অফিসার

*প্রথম পাতার পর*

সি-র 'সি' সার্টিফিকেট না থাকলেও চলবে। ফাইনাল ইয়ারে পাঠরত যাঁরা, তাঁরাও আবেদন করতে পারেন, সেক্ষেত্রে প্রথম দু'টি বা তিনটি শিক্ষাবর্ষে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং ১-১০-২০২১-এর মধ্যে চূড়ান্ত মার্কশিট দাখিল করতে হবে।

**বয়স:** ১-৭-২০২১ তারিখে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হওয়া চাই ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০২-এর মধ্যে।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের সার্ভিস সিলেকশন বোর্ড (এস এস বি)-এর ইন্টারভিউয়ে ডাকা হবে। দু'পর্যায়ের পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হতে না পারলে সেদিনই ফেরত পাঠানো হবে। পরীক্ষা চলবে ৫ দিন ধরে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন হবে। ইন্টারভিউ কেন্দ্রগুলি হল: এলাহাবাদ, ভোপাল, ব্যাঙ্গালোর এবং কাপুরথালা।

নির্বাচিত প্রার্থীদের ৪৯ সপ্তাহের ট্রেনিং দেওয়া হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। ট্রেনিং শেষে ডিফেন্স ম্যানেজমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের স্নাতকোত্তর ডিপ্লোমা সার্টিফিকেট পাওয়া যাবে। সন্তোষজনক ভাবে ট্রেনিং শেষ করলে নিয়োগ হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। ৬ মাসের প্রবেশন।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে মাসে ৫৬,১০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ জুলাই পর্যন্ত। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের পি ডি এফ ফর্ম্যাটে দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যের স্কুলে শীঘ্রই দশ হাজার চাকরি

*প্রথম পাতার পর*

প্রথম বা দ্বিতীয় সপ্তাহেই এই নিয়োগ সম্পর্কিত বিজ্ঞপ্তি প্রকাশিত হতে পারে।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ২১ জুন সাংবাদিক বৈঠকে জানান, পুজোর আগেই প্রাথমিক ও উচ্চ প্রাথমিক মিলিয়ে সাড়ে ২৪ হাজার শিক্ষক নিয়োগ করবে রাজ্য সরকার। এর মধ্যে উচ্চ প্রাথমিকে ১৪ হাজার এবং প্রাথমিকে সাড়ে ১০ হাজার শিক্ষক নিয়োগ করা হবে। এদিনই বিকেলে স্কুল সার্ভিস কমিশনের ওয়েবসাইটে ইন্টারভিউয়ের তালিকাও প্রকাশ পাবার কথা। মুখ্যমন্ত্রী আরও জানান, পুজোর পর, মার্চের মধ্যে আরও ৭ হাজার শিক্ষক নিয়োগ করবে রাজ্য। তিনি বলেন, 'আদালতে মামলা চলছিল বলেই আটকে ছিল নিয়োগ প্রক্রিয়া। কারও কাছে লবি করার দরকার নেই। মেধার ভিত্তিতে স্কুলে স্কুলে নিয়োগ করব আমরা।'


**এএআই কার্গো লজিস্টিক্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস কোম্পানি লিঃ**

(একটি এএআই সাবসিডিয়ারি), সিআইএন: U74990DL2016GOI304348

**এএআইসিএলএএস**, তাদের এয়ারপোর্টে এয়ার কার্গো এবং সংশ্লিষ্ট লজিস্টিক্স বিজনেস সেইসঙ্গে সম্ভাব্য ওভারসিজ বিজনেসের সুযোগসুবিধা ডেভেলপমেন্ট ও পরিচালনার জন্য এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়া-এর একটি সম্পূর্ণ মালিকানাধীন কার্গো সাবসিডিয়ারি। এএআইসিএলএএস তাদের কাজকর্মের পরিধি সম্প্রসারণের জন্য চাইছে:

**ড্রাইভার কাম সিকিউরিটি গার্ড**
**কলকাতা ও চেন্নাই-তে**

প্রার্থীরা বেতনের কাঠামো, যোগ্যতা, বয়স, মনোনয়নের পদ্ধতি ইত্যাদি সম্পর্কিত আরও বিবরণের জন্য এএআইসিএলএএস ওয়েবসাইট: **www.aaiclas-ecom.org** অধীন "CAREER" সেকশনে বিস্তারিত বিজ্ঞাপন দেখতে পারেন। ব্যাখ্যার জন্য যোগাযোগ করুন এইখানে: ৭২৯০০২৫৫৯৮

N-02/2021-22



# কর্মক্ষেত্র
## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব**

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে** কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D. C. Avenue, Kol-07. (M): 83709-73452.

□

**Wanted Ex Haringhata/** Arambagh retired Technical & Sales Managers for setting up meat packaging plant. Apply livestock imperial@gmail.com

□

**URGENT RECRUITMENT**

**সারা বাংলায় Pvt Bank DSA-এ স্থায়ী** বিভিন্ন পদে Male/Female কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা 10th-Graduated (+) Salary 15,300/- - 30,700/- Age: 21-32. Cont: 94773-59718 (Time: 9 AM - 8 PM).

### স্কুল-কলেজ শিক্ষা

**RAMAKRISHNA MISSION SEVASHRAMA, SCHOOL OF NURSING, VRINDABAN ADMISSION NOTICE**

**Applications are invited for the** 40th batch of 3 years General Nursing & Midwifery (GNM) course, conducted by U.P. State Medical Faculty and approved by Indian Nursing Council, from female unmarried candidates between 17-22 years of age and having passed/expecting to pass 12th or equivalent examination **obtaining minimum 40% marks.** The medium of instruction is English. Selected candidates will be given free Board and Lodging facilities while the candidates have to pay nominal charges for Tuition Fees and rest of the services. Entrance Test will be held tentatively on 20th August followed by interview and medical fitness test on 21st & 22nd August, 2021 respectively. For Application Form you need to deposit amount of Rs. 450/- via any of the two processes:- (a) Through Demand Draft/Money Order To- Ramakrishna Mission Sevashrama, Vrindaban, Dist. Mathura, U.P.-281121. (b) Through Bank Transfer- Bank: State Bank of India, Vrindaban, Mathura, A/c No.: 1068 4298 661, IFSC: SBIN0002502. The candidate will have to compulsorily inform the following details via Our e-mail at: rkmsvrnd@gmail.com 1) Candidate's Full Name & Postal Address: 2) Contact No. & e-mail. Our Contact No: 92592 71811/ 0565-2442310.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৬ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

৭ জুলাইয়ের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# অনলাইন ইন্টারভিউয়ের ইতিবাচক দিকটির সদ্ব্যবহার করো



**সুদীপ্ত মণ্ডল**
ভাইস প্রেসিডেন্ট অ্যান্ড সি এইচ আর ও
হিউম্যান রিসোর্স অ্যান্ড অ্যাডমিন
স্টার সিমেন্ট লিমিটেড

করোনা ভাইরাসের অতিমারি আমাদের সামাজিক ও ব্যক্তিজীবনে নানাবিধ পরিবর্তন এনেছে। পড়াশোনা, চাকরি, কর্মজীবনের প্রস্তুতির উপর এর ব্যাপক প্রভাব পড়েছে। চেষ্টা করো এই প্রভাবের সুফলটুকু ছেঁকে নিতে। মানসিক চাপ না নিয়ে এই সময়টাকে বাড়তি সুযোগ মনে করে সদ্ব্যবহার করো। বাড়িতে বসে আছি, এক বছর নষ্ট হয়েছে, কাজ নেই, পড়াশোনার উপায় নেই— এই প্রসঙ্গগুলো এখন অবান্তর। মনে রাখতে হবে, তোমার স্কুল বা কলেজ বন্ধ মানে, এখন সিস্টেমের বাইরের পড়াশোনা করে নেওয়ার সময় ও সুযোগ রয়েছে তোমার কাছে। আজকের এই সুযোগটুকুর যথাযথ সদ্ব্যবহার ভবিষ্যতে তোমার বিরাট কাজে লাগবে।

## নিজের যোগ্যতা তৈরি করো

উপযুক্ত শিক্ষা এবং দক্ষতা থাকলে চাকরির অভাব কিন্তু হয় না। এমনকী এই অতিমারির সময়েও প্রচুর কর্মী নিয়োগ হচ্ছে। তার জন্য নিজেকে যোগ্য করে তুলতে হবে।

তোমার মেধা, গুণবত্তা, পড়াশোনা এবং দক্ষতা বৃদ্ধির জন্য যত ভাবে পারো সময়টাকে কাজে লাগাও। কোর্স করার প্রচুর সুযোগ এখন। যে-কোনও বিষয় নিয়ে পড়াশোনা করতে পারো অনলাইনে। কোর্স, টিউটোরিয়াল, সবই সহজলভ্য। ফলে পড়াশোনায় কোনও বাধা নেই। নিজের দক্ষতা বা স্কিল নিয়ে ভেবে দেখো, কীসে তোমার আগ্রহ। এখন নতুন নতুন প্রচুর বিষয় আসছে। দেশি-বিদেশি, নামী-অনামী বহু সংস্থা স্কিল ইমপ্রুভমেন্টের কোর্স করাচ্ছে। খরচ এবং সময় কম লাগছে। একই সঙ্গে জরুরি হয়ে উঠেছে ডিজিটাল স্কিল। এর সঙ্গে তোমার শেখা বিষয় নিয়েও চর্চা চালিয়ে যেতে হবে, যাতে সেই দক্ষতা আরও উন্নত হয়।



## অনলাইন ইন্টারভিউ

অতিমারির জন্য ইন্টারভিউ এখন অনলাইন হয়ে গিয়েছে। এই ব্যাপারটা কিন্তু প্রার্থীর জন্য সুবিধাজনক। দৈহিক ভাষা, চোখের ভাষা ইন্টারভিউয়ে অন্যতম বিচারের মাপকাঠি ছিল। কিন্তু এখন প্রার্থী স্ক্রিনের ওপারে থাকার ফলে তা আর সম্ভব হচ্ছে না।

ইন্টারভিউ রুমের বাইরের পরিবেশ বা দরজা খুলে ইন্টারভিউয়ারের মুখোমুখি হওয়া প্রার্থীর মধ্যে যে-নার্ভাসনেসের জন্ম দেয়, তার কবলে আর পড়তে হচ্ছে না প্রার্থীকে। তবে কিছু কিছু বিষয় খেয়াল রাখতে হবে অনলাইন ইন্টারভিউয়ের সময়। যেমন—

✓ইন্টারনেট কানেকশন ভালো, এমন জায়গায় ইন্টারভিউ শুরু হওয়ার কিছুক্ষণ আগে থেকেই থাকতে হবে।

✓নিরিবিলি পরিবেশ তৈরি করতে হবে। অবাঞ্ছিত শব্দ ইন্টারভিউয়ারকে বিরক্ত করে, ফলে নেতিবাচক প্রভাব পড়ে ইন্টারভিউতে।

✓ভিডিওতে তোমার ফ্রেম ঠিক আছে কিনা দেখে নিতে হবে। কেন্দ্রে তুমি থাকবে, আশপাশে চড়া রঙের কোনও জিনিস যাতে না থাকে খেয়াল রাখতে হবে।

✓হেডফোন বা ইয়ারফোন ব্যবহার করতে হবে স্পষ্ট শব্দের জন্য।

✓খেয়াল রাখতে হবে আলো যেন সামনে বা পাশ থেকে আসে। পিছনে আলো থাকা ঠিক নয়।

✓পোশাক ফর্ম্যাল হবে। সাদা বা স্ট্রাইপড জামা স্ক্রিনে রঙের প্রভাব ফেলে, তাই এই দু'টি ধরন বাদ দেওয়াই ভালো।

✓প্রশ্ন শুনতে না পেলে জানতে চাও। নেট স্পিড কম-বেশি হতেই পারে, এই সমস্যার বিষয়টি তোমার ইন্টারভিউয়ারও জানতে পারবেন।

# মাজাগন ডকে ১৩৮৬ কর্মী

*তিনের পাতার পর*

যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**ইলেক্ট্রনিক মেকানিক**: ৫৫টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ইলেক্ট্রনিক মেকানিক বা ইলেক্ট্রনিক্স মেকানিক বা মেকানিক রেডিও অ্যান্ড র‍্যাডার এয়ারক্রাফট বা মেকানিক টেলিভিশন (ভিডিও) বা মেকানিক কাম-অপারেটর ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন সিস্টেম বা মেকানিক কমিউনিকেশন ইক্যুইপমেন্ট মেইন্টেন্যান্স বা মেকানিক রেডিও অ্যান্ড টিভি ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**ফিটার**: ১১৯টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ১১, ও বি সি ২৫, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ফিটার বা মেরিন ইঞ্জিনিয়ার ফিটার বা শিপরাইট (স্টিল) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। তবে, অন্য কোনও ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে যদি ফিটার পদে মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকে, তাহলেও আবেদন করা যাবে।

**জুনিয়র কোয়ালিটি কন্ট্রোল ইনস্পেক্টর (মেকানিক্যাল)**: ১৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল বা শিপবিল্ডিং বা মেরিন ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা।

**গ্যাস কাটার**: ৩৮টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। সঙ্গে স্ট্রাকচারাল ফিটার বা ফেব্রিকেটর বা কম্পোজিট ওয়েল্ডার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**মেশিনিস্ট**: ২৮টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেশিনিস্ট বা মেশিনিস্ট গ্রাইন্ডার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**মিলরাইট মেকানিক**: ১০টি (সাধারণ ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মিলরাইট মেকানিক বা মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**পেইন্টার**: ১০০টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। **শিক্ষাগত যোগ্যতা**: ক্লাস এইট পাশ। সঙ্গে পেইন্টার বা মেরিন পেইন্টার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**পাইপ ফিটার**: ১৪০টি (সাধারণ ৬৯, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৩২, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে পাইপ ফিটার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। প্লাম্বার ট্রেডে এন এ সি-সহ মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে প্লাম্বার হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদন করা যাবে।

**রিগার**: ৮৮টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২৪, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। **শিক্ষাগত যোগ্যতা**: ক্লাস এইট পাশ। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**স্ট্রাকচারাল ফেব্রিকেটর**: ১২৫টি (সাধারণ ৭৩, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২৬, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে স্ট্রাকচারাল ফিটার বা ফেব্রিকেটর ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**স্টোরকিপার**: ১০টি (সাধারণ ৬, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স শিপবিল্ডিং অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা। মেটিরিয়াল ম্যানেজমেন্টে অতিরিক্ত যোগ্যতা এবং কম্পিউটার বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**ইউটিলিটি হ্যান্ড (স্কিল্ড)**: ১৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, তফসলি উপজাতি ১, ও বি সি ৭)। **শিক্ষাগত যোগ্যতা**: ফিটার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। ২ মাস ট্রেনিং দিয়ে তাঁদের নিয়োগ করা হবে।

**প্ল্যানার এস্টিমেটর**: ৮টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল ব্রাঞ্চের ক্ষেত্রে মেকানিক্যাল বা শিপবিল্ডিং বা মেরিন ইঞ্জিনিয়ারিং এবং ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক বা মেরিন ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিগ্রি বা ডিপ্লোমা।

সেমি-স্কিল্ড আই ডি-টু: **ইউটিলিটি হ্যান্ড (সেমি স্কিল্ড)**: ১৩৫টি (সাধারণ ৬৬, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৩০, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। সঙ্গে যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। এছাড়া সংশ্লিষ্ট কাজে কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ১ বছরের অভিজ্ঞতা।

**জুনিয়র ড্রাফটসম্যান (সিভিল) ছাড়া বাকি সব পদের ক্ষেত্রে প্রার্থীর কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।**

১৪টি করে শূন্যপদ দৃষ্টি, শ্রবণ, বৌদ্ধিক, লোকোমোটর ডিজেবিলিটি (সেরিব্রাল পালসি, নিরাময় হওয়া কুষ্ঠ রোগ, বামন, অ্যাসিড আক্রান্ত-সহ) এবং একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**বয়স**: ১-৬-২০২১ তারিখে ১৮ থেকে ৩৮ বছরের মধ্যে থাকতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম**: স্কিল্ড গ্রেড-ওয়ান আই ডি-১ ক্যাটেগরির ক্ষেত্রে ১৭,০০০-৬৪,৩৬০ টাকা। সেমি-স্কিল্ড আই ডি-টু ক্যাটেগরির ক্ষেত্রে ১৩,২০০-৪৯,৯১০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, প্রার্থীর অভিজ্ঞতা ও প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mazagondock.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৪ জুলাই। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই ও প্রয়োজনীয় নথিপত্র জেপেগ ফর্ম্যাটে আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেসে ২৬৬ নার্সিং অফিসার

২৬৬ জন নার্সিং অফিসার নেবে বেঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NIMH/PER(6)/RECT/ADVT-1/2021-22.

**শূন্যপদের বিন্যাস**: সাধারণ ৮২, তফসিলি জাতি ৬৩, তফসিলি উপজাতি ৩০, ও বি সি ৬৬, আর্থিক ভাবে অনগ্রসর ২৫। এর মধ্যে ৪ শতাংশ শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা**: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে বি এসসি (অনার্স) নার্সিং বা বি এসসি নার্সিং অথবা বি এসসি (পোস্ট সার্টিফিকেট) বা পোস্ট বেসিক বি এসসি নার্সিং। সেই সঙ্গে নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে এবং অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে দু'বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স**: ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www. nimhans.ac.in পূরণ করবেন যথাযথ ভাবে। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৮৮৫ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ যথাযথ ভাবে পূরণ করা দরখাস্ত **২৮ জুনের মধ্যে** পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, NIMHANS, P.B.No.2900, Hosur Road, Bengaluru-560 029. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**SBI**
**ভারতীয় স্টেট ব্যাঙ্ক**
কেন্দ্রীয় নিয়োগ ও প্রচার বিভাগ, কর্পোরেট কেন্দ্র, মুম্বই

**শুদ্ধিপত্র**

যোগ্যতার মানদণ্ডে পরিবর্তন এবং অনলাইন আবেদন পুনরায় উন্মুক্ত করা হলো

| পদ | বিজ্ঞাপন নং |
|---|---|
| ম্যানেজার (কার্য পরিবার এবং উত্তরাধিকার পরিকল্পনা) | CRPD/SCO/2021-22/06 |
| ইঞ্জিনিয়ার (অগ্নি) | CRPD/SCO-FIRE/2020-21/32 |

উপরোক্ত পদগুলির জন্য যোগ্যতার মানদণ্ড সংশোধন করা হয়েছে। অনলাইনে আবেদনের পরিবর্তনের বিবরণ এবং লিংক উপরে বর্ণিত বিজ্ঞাপন নম্বরের অধীনে এসবিআই ক্যারিয়ারস ওয়েবসাইট https://bank.sbi/careers-এ অথবা https://www.sbi.co.in/careers-এ উপলব্ধ।

**আগ্রহী প্রার্থীরা তাদের যোগ্যতা নিশ্চিত করার পরেই আবেদন করতে পারবেন।**
**যে সকল প্রার্থীরা ইতিমধ্যে আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।**

**অনলাইনে আবেদন জমা দেওয়ার এবং ফি প্রদানের তারিখ হল 15.06.2021 থেকে 28.06.2021**

মুম্বই
তারিখ: 15.06.2021
জেনারেল ম্যানেজার

# কী পড়বেন, কোথায় পড়বেন

## রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরে ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স

সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির। সংস্থাটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট কর্তৃক অনুমোদিত। কোর্সের মেয়াদ ৩ বছর।

কোর্সের বিবরণ: বিষয় অনুসারে আসনসংখ্যা: সিভিল ৬০টি, ইলেক্ট্রিক্যাল ৪০টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ৬০টি, মেকানিক্যাল ৬০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর এবং ম্যাথমেটিক্স ও ফিজিক্যাল সায়েন্সে অন্তত ৬০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি ২০২১-এর জেক্সপো পরীক্ষায় বৈধ র‍্যাঙ্ক করে থাকতে হবে। জন্মতারিখ ১-১-২০০০ থেকে ৩০-৬-২০০৬-এর মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার দিনক্ষণ এখনও ঘোষণা করা হয়নি।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.shilpamandira.org আবেদনের শেষ তারিখ ৩০ জুন। আবেদনের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, মাধ্যমিকের মার্কশিট ও অ্যাডমিট কার্ড এবং উচ্চমাধ্যমিকের মার্কশিট (প্রযোজ্য ক্ষেত্রে) স্ক্যান করে আপলোড করতে হবে (প্রতিটি পি ই জি বা জে পি জি বা পি এন জি ফর্ম্যাটে ১০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৩০০ টাকা। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এয়ারপোর্ট অপারেশনসের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

এয়ারপোর্ট অপারেশনসের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রাজীব গান্ধি ন্যাশনাল অ্যাভিয়েশন অ্যাকাডেমি। কোর্সের মেয়াদ দেড় বছর। কোর্স শেষে ইন্টার্নশিপের সুযোগ রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য, সেক্ষেত্রে ২০২১-এর সেপ্টেম্বরের মধ্যে মার্কশিট দাখিল করতে হবে।

**বয়স:** ৩১-৭-২০২১ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**কোর্স ফি:** ৩,৩০,৪৭০ টাকা, হস্টেল ফি অতিরিক্ত।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে অনলাইন ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ১২ জুলাই। ইন্টারভিউ হবে ১৯ থেকে ২৩ জুলাই।

অনলাইন আবেদন করতে **হবে এই ওয়েবসাইটের** মাধ্যমে: https://www.rgnau.ac.in **আবেদনের শেষ তারিখ ৬ জুলাই।** ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা।

ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং অনলাইনে সাবমিট করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অনলাইনে নিখরচায় বিকল্প জ্বালানী প্রযুক্তি থেকে আয় ও ব্যবসা-সহ স্বনির্ভর হওয়ার একাধিক প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বায়োগ্যাস প্রযুক্তি, ব্যাটারি সেল মেরামত ও পুনর্ব্যবহারে ব্যবসা-সহ বিভিন্ন বিষয়ে অনলাইন প্রশিক্ষণের (ওয়েবিনার) আয়োজন করেছে জেড ডব্লু আই ইকোলজিক্যাল সলিউশন ট্রাস্ট। শিক্ষাগত যোগ্যতা ও বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। তবে আগ্রহীদের ফোনে বা কম্পিউটারে ইন্টারনেট কানেকশন থাকতে হবে।

তারিখ অনুসারে **অনলাইন** প্রশিক্ষণের বিবরণ: **বৈদ্যুতিন গাড়ি ও বাইক থেকে জীবিকা নির্বাহ।** ২৬ জুন, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

**বৈদ্যুতিন চার্জিং স্টেশনের ব্যবসা।** ৩ জুলাই, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

**সি এন জি-এল পি জি-তে গাড়ি পরিবর্তনের ব্যবসা।** ১০ জুলাই, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

কৃষিতে বায়োডিজেলের ব্যবহার ও **সঞ্চয়।** ১৭ জুলাই, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

**ব্যাটারি সেল মেরামত ও পুনর্ব্যবহারের ব্যবসা।** ২৪ জুলাই, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

**বর্জ্যের উৎপাদিত জ্বালানী থেকে আয়।** ৩১ জুলাই, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

সংস্থার সহ-প্রতিষ্ঠাতা শুভম দাস কর্মক্ষেত্র-কে জানালেন, ওয়েবিনারে অংশগ্রহণ করতে আগ্রহীদের থেকে কোনও ফি নেওয়া হবে না। প্রার্থীরা ব্যবসা শুরু করতে আগ্রহী হলে সেই-সংক্রান্ত সহায়তাও প্রদান করা হবে বলে জানালেন তিনি।

রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://forms.gle/17pUFcsVpxy4BYUk7

খুঁটিনাটি তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৭৫৪৫৮৪০১, ৮৯৬১৩৮১৩৮৯। আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.amuktika.com

## লেডি হার্ডিঞ্জ মেডিক্যাল কলেজে প্যারামেডিক্যাল কর্মী

*প্রথম পাতার পর*

মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Lady Hardinge Medical College & Smt. S.K. Hospital, New Delhi.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মশারোধী ভেষজ ধূপ ও তেলের ব্যবসা

*প্রথম পাতার পর*

মেয়াদ ৭ থেকে ১০ দিন। প্রশিক্ষণ ফি: ৫,০০০ টাকা।

প্রগতি-তে এই দুই কোর্সে ভর্তি হওয়ার জন্য বছরের যে-কোনও সময় আবেদন করা যায়। শুক্রবার বাদে ছাত্রছাত্রীরা তাঁদের সুবিধা অনুযায়ী সপ্তাহের যে-কোনও দু'টি দিনে প্রশিক্ষণ নিতে পারেন। হাতেকলমে কাজ শেখানোর সময় যাবতীয় উপকরণ প্রতিষ্ঠানের তরফে দেওয়া হয়। শিক্ষার্থীকে আনতে হয় না। শিক্ষার্থী কী ভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন, কী ভাবে লাইসেন্স পাবেন এবং মার্কেটিং করবেন ইত্যাদি যাবতীয় ধারণা দেওয়া হয়। প্রশিক্ষণের শেষে সার্টিফিকেট দেওয়া হয়। ব্যবসা করার সময় এখানকার প্রাক্তন ছাত্রছাত্রীরা কোনও সমস্যায় পড়লে বিনামূল্যে তাঁদের পরামর্শ দেওয়া হয় এবং সমস্যার সমাধান করা হয়।

**যোগাযোগ:** প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে। মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯।

## মশানাশক ধূপকাঠি তৈরির মেশিন

ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রির কর্ণধার তাপস বসু জানালেন, সাধারণ সুগন্ধী ধূপকাঠি তৈরির মেশিনেই মশানাশক ধূপকাঠি উৎপাদন করা যায়। ব্যবসা করার জন্য বিরাট পুঁজির প্রয়োজন নেই, প্রয়োজন নেই বড় জায়গার, এমনকী লোকবলের। একজনই তৈরি করতে পারবেন। সম্পূর্ণ স্বয়ংক্রিয় ধূপকাঠির মেশিনের দাম ৮০ হাজার টাকা। এই মেশিনে ৬ ঘণ্টায় ৪০ কেজি ধূপকাঠি তৈরি করা যায়। আর ম্যানুয়াল মেশিনের দাম ১২ হাজার টাকা। এই মেশিনে ঘণ্টাপিছু উৎপাদন, যিনি তৈরি করছেন তাঁর দক্ষতা ও তৎপরতার উপর নির্ভর করে। মেশিন ইন্টলেশন, ট্রেনিং দেওয়ার জন্য আলাদা কোনও খরচ লাগে না।

**যোগাযোগ:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৩, ফোন: (০৩৩) ২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬। ইমেল-bharatmachinetools1@rediffmail.com

### মঠ ও মিশনই প্রধান ক্রেতা

সাড়ে তিন বছর ধরে এই ব্যবসা করছি। তার আগে প্রগতি থেকে প্রশিক্ষণ নিয়েছি। ভেষজ মশানাশক ধূপকাঠির পাশাপাশি সাধারণ সুগন্ধী ধূপকাঠিও তৈরি করি। আমার সংস্থার ধূপকাঠি মূলত তৈরি হয় বাগবাজার রামকৃষ্ণ মঠ ও মিশনের জন্য। এছাড়া পশ্চিমবঙ্গের বাইরে দিল্লি, মুম্বই, লখনউ, চেরাপুঞ্জি, আন্দামান ইত্যাদি বিভিন্ন জায়গায় রামকৃষ্ণ মঠ ও মিশনে যায় এই ধূপকাঠি। **মিশন ছাড়াও কিছু দোকানদার আমার তৈরি ধূপকাঠি কেনেন। সুগন্ধী ধূপকাঠির পাশাপাশি মশানাশক ধূপকাঠির** চাহিদা বেড়েছে।

**তনয় সরকার**

*মশারোধী ধূপকাঠি প্রস্তুতকারক, কলকাতা*

### বর্ষা চলে গেলে সাধারণ ধূপকাঠি ব্যবসা সামাল দেয়

সাড়ে পাঁচ বছর ধরে ধূপকাঠি ও মশারোধী ভেষজ ধূপকাঠি তৈরি করে ব্যবসা করছি। এই ব্যবসায় আমার একজন পার্টনার আছেন। হলদিয়া সহ গোটা পশ্চিম মেদিনীপুরে আমাদের সংস্থার জিনিস বিক্রি হয়। মশারোধী ধূপকাঠির বাজারে যথেষ্ট চাহিদা আছে। বিশেষ করে বর্ষা কালে। মশার প্রকোপ কমে গেলে ধূপ বিক্রি একটু কমে যায়, তবে পাশাপাশি সাধারণ ধূপকাঠির ব্যবসা থাকায় সামাল দিতে সুবিধা হয়। আমি প্রশিক্ষণ নিয়ে এই ব্যবসা শুরু করি।

**শুভ্রাংশু মণ্ডল**

*মশারোধী ধূপকাঠি প্রস্তুতকারক, হলদিয়া*




## ওলিফ্লোরা বোটানিকার ভেষজ রেপেলেন্ট লোশন

মশানাশক ভেষজ রেপেলেন্ট লোশন ও ক্রিম তৈরি করে ওলিফ্লোরা বোটানিকা। সংস্থার কর্ণধার সঞ্চিতা বন্দ্যোপাধ্যায় দাস ২০১৫-য় প্রথমে জেবিএল স্পাইসেস সংস্থার মাধ্যমে মশলা তৈরি ও বিপণনের ব্যবসা শুরু করেন। ২০১৮ থেকে মশলার পাশাপাশি প্রসাধনী দ্রব্য, মসকুইটো রেপেলেন্ট লোশন তৈরি শুরু হয় ওলিফ্লোরা বোটানিকা ব্র্যান্ডনেমে। সংস্থার যাবতীয় প্রসাধনী সামগ্রী প্রাকৃতিক উপকরণ দিয়ে তৈরি। হার্বাল অয়েল, এসেনশিয়াল অয়েল ব্যবহার করা হয়। কোনও কেমিক্যাল বা প্রিজারভেটিভ মেশানো হয় না এবং পুরোটাই হাতে তৈরি করেন সংস্থার কর্মীরা। এই কর্মীরা প্রত্যেকেই শারীরিক প্রতিবন্ধী। মূলত মহিলা প্রতিবন্ধীদের আত্মবিশ্বাসী ও স্বাবলম্বী করে তোলার লক্ষ্যেই এই প্রতিষ্ঠান তিনি শুরু করেন বলে জানালেন সঞ্চিতা। যে-কেউই ওলিফ্লোরা বোটানিকা-র ভেষজ রেপেলেন্ট লোশনের ডিলারশিপ নিয়ে ব্যবসা করতে পারেন। 'কর্মক্ষেত্র'কে সঞ্চিতা জানালেন, বিশেষ করে শারীরিকপ্রতিবন্ধী ও পারিবারিক হিংসার শিকার হওয়া মেয়েরা সাবলম্বী হওয়ার কথা ভাবলে তাঁর সংস্থায় যুক্ত হতে পারেন। প্রয়োজনে তাঁদের বাড়িতে সংস্থার প্রসাধনী দ্রব্য, রেপেলেন্ট লোশন পৌঁছে দেওয়া হবে, যাতে তাঁরা সেগুলি বিক্রি করে উপার্জন করতে পারেন।

**সংস্থার সঙ্গে যোগাযোগ: ৯১৬৩৭-৭৭২৫৩**

কর্মক্ষেত্র

৫,০০০ টাকা ছাড়

ধূপকাঠি তৈরির সম্পূর্ণ স্বয়ংক্রিয় মেশিন কিনে ব্যবসা করতে চাই

নাম: ____________________

ঠিকানা: ____________________

____________________ বয়স: __________

ফোন নং: ____________________

যোগাযোগ: ভারত টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-১৩

## স্কলারশিপের খোঁজখবর

### কিপ ইন্ডিয়া স্মাইলিং ফাউন্ডেশনাল স্কলারশিপ প্রোগ্রাম

স্নাতক, স্নাতকোত্তর, ডিপ্লোমা এবং ভোকেশনাল কোর্সে পড়াশোনায় আগ্রহী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কোলগেট-পামোলিভ (ইন্ডিয়া) লিমিটেড। স্কলারশিপের মেয়াদ ৩ বছর। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখের নীচে। **আবেদনের যোগ্যতা:** ২০২০ সালে মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। **স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৩০,০০০ টাকা। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KISSP01 আবেদনের শেষ তারিখ ৩০ জুন।

### ক্রেডিট সুইস স্কলারশিপ প্রোগ্রাম ২০২১-২২

দেশের কিছু নির্বাচিত শিক্ষাপ্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং বা এম বি এ পড়তে আগ্রহী আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে বাডি ফর স্টাডি ফাউন্ডেশন। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে পাঁচ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা স্নাতক কোর্স পাশ। সেই সঙ্গে নির্বাচিত শিক্ষাপ্রতিষ্ঠানে এম বি এ বা ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে। **স্কলারশিপের পরিমাণ:** এম বি এ কোর্সের ক্ষেত্রে মোট কোর্সের ফিয়ের ৮০ শতাংশ অথবা সর্বাধিক ২ লাখ টাকা। ইঞ্জিনিয়ারিং কোর্সের ক্ষেত্রে মোট কোর্স ফিয়ের ৮০ শতাংশ বা সর্বাধিক ১ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/CSE1 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## পাওয়ার গ্রিডে ডিপ্লোমা ট্রেনি

২০ জন ডিপ্লোমা ট্রেনি নেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়ার নর্দার্ন রিজিয়ন। প্রশিক্ষণ দেওয়া হবে উত্তর প্রদেশ, উত্তরাখণ্ড এবং মধ্যপ্রদেশে সিভিল এবং ইলেক্ট্রিক্যাল শাখায়। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষণ শেষে স্থায়ী ভাবে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NR-III/01/2021/DT.

**শূন্যপদের বিবরণ:** ডিপ্লোমা ট্রেনি: ইলেক্ট্রিক্যাল ১৫টি, সিভিল ৫টি। নিয়মানুসারে তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল শাখার ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল (পাওয়ার) বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার সিস্টেমস ইঞ্জিনিয়ারিং বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল)-এ ডিপ্লোমা। সব ক্ষেত্রেই ৭০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর পেলেই আবেদন করা যাবে।

**বয়স:** ৮-৭-২০২১ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ২৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২২ অগস্ট। পরীক্ষাকেন্দ্রগুলি হল লখনউ, আগ্রা, এলাহাবাদ, বৃহত্তর নয়ডা, কানপুর এবং বরেলি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.powergrid.in. দরখাস্তের শেষ তারিখ ৮ জুলাই।

দরখাস্তের পদ্ধতি, ফি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮

E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in